# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

## ক্রেডিট বিভাগ

ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিজ্ঞা আর্থিক খাতের অগ্রযাত্রা

সার্কুলার লেটার নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২১/ ৬৫৯(১২০০) তারিখঃ ১৩/০৯/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখঃ ৩১/০৮/২০২০ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮, তারিখঃ ০৩/০৯/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) সক্ষমতা অক্ষুন্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার প্রয়োজনে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য সরকার ঘোষিত ২০(বিশ) হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ জারী করা হয়েছে। উপরোক্ত সার্কুলার লেটার দুটির মাধ্যমে এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ এ কিছু সংশোধনী আনয়ন করা হয়েছে যা নিম্নরুপঃ

ক) এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ এ আলোচ্য প্যাকেজের আওতায় উৎপাদন, সেবা ও ব্যবসা (ট্রেড) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট ঋণ বা বিনিয়োগের আনুপাতিক হার যথাক্রমে ৫০, ৩০ ও ২০ শতাংশ নির্ধারণ করা হয়েছিল। এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর মাধ্যমে মোট ঋণ বা বিনিয়োগের আনুপাতিক হার উৎপাদন ও সেবা উপখাত মিলিয়ে ৮০ শতাংশ এবং ব্যবসা (ট্রেড) উপখাতে ২০ শতাংশ পুর্নবিন্যাস করা হয়েছে।

খ) উৎপাদন ও সেবা শিল্পে বিদ্যমান ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমাণ উক্ত প্রতিষ্ঠানের ডিসেম্বর ৩১, ২০১৯ তারিখ ভিত্তিক চলতি মূলধন বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার ৫০% এর বেশি হবে না। নতুন ঋণ/বিনিয়োগ গ্রহীতার ক্ষেত্রেও বিদ্যমান নীতিমালার আওতায় চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা সীমা নির্ধারণপূর্বক তার সর্বোচ্চ ৫০% প্রদেয় হবে।

গ) আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ মঞ্জুরী বা বিতরণের ক্ষেত্রে এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ মোতাবেক খাতভিত্তিক সর্বোচ্চ ঋণসীমা অনুসরন করতে হবে যা নিম্নরুপঃ

| | কুটির উদ্যোগ | মাইক্রো উদ্যোগ | | | ক্ষুদ্র উদ্যোগ | | | মাঝারি উদ্যোগ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঋণসীমা | উৎপাদনশীল শিল্প | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প | ব্যবসা উদ্যোগ | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প | ব্যবসা উদ্যোগ | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প |
| সর্বোচ্চ ঋণসীমা | ১৫ লক্ষ টাকা | ১ কোটি টাকা | ২৫ লক্ষ টাকা | ৫০ লক্ষ টাকা | ২০ কোটি টাকা | ৫ কোটি টাকা | ৫ কোটি টাকা | ৭৫ কোটি টাকা | ৫০ কোটি টাকা |

ঘ) এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ১৫ শতাংশ গ্রাম অঞ্চলে বিতরনের নির্দেশনা ছিল। দ্রুততম সময়ের মধ্যে ঋণ বিতরনের লক্ষ্যে গ্রাম ও শহরের জন্য নির্দিষ্টকৃত লক্ষ্যমাত্রা এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮ এর মাধ্যমে বাতিল করা হয়েছে।

ঙ) আলোচ্য প্যাকেজের আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে বিতরণকৃত চলতি মূলধন ঋণের ক্ষেত্রে প্রয়োজনে EMI (Equal Monthly Installment) ভিত্তিতে ঋণ/বিনিয়োগ পরিশোধ করা যাবে। তবে ঋণের প্রকৃতি, সময়কাল (১বছর) ও নির্ধারিত মঞ্জুরী সীমা অপরিবর্তিত থাকবে। এক্ষেত্রে, কার্যকরী সুদের হার (Effective Interest Rate) কোনক্রমেই ৯% এর অধিক হবে না এবং এ সকল ঋণ/বিনিয়োগ যথানিয়মে সিএল-২ এ রিপোর্ট করতে হবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা, এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এবং এর সংশোধনীসমূহ যথাযথভাবে অনুসরনপূর্বক সিএমএসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় নির্ধারিত বিতরণ লক্ষ্যমাত্রা অগ্রাধিকার ভিত্তিতে আগামী ৩১/১০/২০২০ এর মধ্যে অর্জন নিশ্চিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো। এ বিষয়ে কোনরুপ অস্পষ্টতা পরিলক্ষিত হলে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মুহাম্মদ মোশাররফ হোসেন, মোবাইল নং-০১৯১৬-২০১০৯৮ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২১/ ৬৫৯ (১২৪০)    তারিখঃ ১৩/০৯/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭

তারিখঃ ভাদ্র ১৬, ১৪২৭
আগস্ট ৩১, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর অনুচ্ছেদ ১(খ), ৪(খ) ও ৪(ঘ) এ উপখাতভিত্তিক ঋণ/বিনিয়োগের বিভাজন এবং গ্রাহক পর্যায়ে প্রতিটি ঋণ/বিনিয়োগের বিন্যাস ও সীমা সংক্রান্ত বিষয়াবলী বর্ণিত রয়েছে। এক্ষণে, আলোচ্য প্যাকেজ এর আওতায় ঋণ বিতরণ অধিকতর গতিশীল করার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য উক্ত অনুচ্ছেদসমূহে নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হয়েছে ঃ

ক) এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর ১(খ) অনুচ্ছেদে বর্ণিত উৎপাদন ও সেবা উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার যথাক্রমে ৫০ ও ৩০ শতাংশ এর পরিবর্তে উক্ত উপখাতদ্বয়ে বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার সামগ্রিকভাবে ৮০ শতাংশে পুনর্বিন্যাস করা হ'ল।

খ) উৎপাদন ও সেবা শিল্পে বিদ্যমান ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমাণ উক্ত প্রতিষ্ঠানের ডিসেম্বর ৩১, ২০১৯ তারিখ ভিত্তিক চলতি মূলধন বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার ৫০% এর বেশি হবে না। নতুন ঋণ/বিনিয়োগ গ্রহীতার ক্ষেত্রেও বিদ্যমান নীতিমালার আওতায় চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা সীমা নির্ধারণপূর্বক তার সর্বোচ্চ ৫০% প্রদেয় হবে।

গ) অনুচ্ছেদ ২(খ) এর আওতায় ঋণ মঞ্জুরী/বিতরণের ক্ষেত্রে এসএমইএসপিডি সার্কুলার নং-২ তারিখ সেপ্টেম্বর ০৫, ২০১৯ এর অনুচ্ছেদ ২.৬ এ বর্ণিত নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।

০৩। সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বাক্ষর)

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮

তারিখঃ ভাদ্র ১৯, ১৪২৭
সেপ্টেম্বর ০৩, ২০২০

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সুত্রোল্লিখিত সার্কুলারের ১(গ) অনুচ্ছেদে এ মর্মে শর্ত আরোপ করা হয়েছিল যে, বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ন্যূনতম ১৫ শতাংশ গ্রাম অঞ্চলে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ প্রদান করতে হবে । উক্ত সার্কুলারে বর্ণিত ২০,০০০ কোটি টাকা বিতরণের জন্য বৎসর ভিত্তিক লক্ষ্য নির্ধারণ না করে অতি দ্রুততার সাথে ঋণ বিতরণ করা গেলে সিএমএসএমই খাতে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান পুনরায় উৎপাদনে যেতে সক্ষম হবে । এতে করে উৎপাদন ও কাঙ্খিত কর্মসংস্থান বহাল রাখা সম্ভবপর হবে ।

বর্ণিত বিষয়াবলী বিবেচনায় এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় ২০,০০০ কোটি টাকা দ্রুততম সময়ের মধ্যে বিতরণের লক্ষ্য অর্জনের নিমিত্তে গ্রাম ও শহরের জন্য নির্দিষ্টকৃত লক্ষ্যমাত্রা এতদ্বারা রহিত করা হলো ।

০৩। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সহজতর ও গ্রাহক বান্ধব করার উদ্দেশ্যে আলোচ্য প্যাকেজের আওতায় ২০,০০০ কোটি টাকা ঋণ বিতরণের জন্য কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে বিতরণকৃত চলতি মূলধন ঋণের ক্ষেত্রে প্রয়োজনে EMI (Equal Monthly Installment) ভিত্তিতে ঋণ/বিনিয়োগ পরিশোধ করা যাবে । তবে ঋণের প্রকৃতি, সময়কাল (১বছর) ও নির্ধারিত মঞ্জুরী সীমা অপরিবর্তিত থাকবে। এক্ষেত্রে, কার্যকরী সুদের হার (Effective Interest Rate) কোনক্রমেই ৯% এর অধিক হবে না এবং এসকল ঋণ/বিনিয়োগ যথা নিয়মে সিএল-২ এ রিপোর্ট করতে হবে।

০৪। ফলপ্রসূ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রণোদনা প্যাকেজের আওতায় তাদের জন্য নির্ধারিত বিতরণ লক্ষ্যমাত্রা আগামী অক্টোবর ৩১, ২০২০ তারিখের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে।

০৫। এতদ্ব্যতীত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

Shikha

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২